দৈনিক খবর

তারিখ ... 05 OCT 1988 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ১ ...

057



শিক্ষামন্ত্রী ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ মঙ্গলবার ৪ঠা অক্টোবর ঢাকায় খিলক্ষেতে কুর্মিটোলা উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে একটি প্রাথমিক বিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন

# শিক্ষাঙ্গনকে সরকার দুর্নীতিমুক্ত করতে বদ্ধপরিকর

—আনিস

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ শিক্ষা ব্যবস্থায় গুণগত পরিবর্তন আনয়নের লক্ষ্যে সাম্প্রতিককালের সরকারী কর্মসূচীকে সফল করে তোলার জন্য ছাত্র, শিক্ষক, অভিভাবক ও শিক্ষানুরাগীদের প্রতি আহবান জানিয়েছেন।

তিনি বলেন, সরকার পরীক্ষা পদ্ধতিতে এমন পরিবর্তন আনবেন যে, পরীক্ষার টেবিলে সবগুলো পাঠ্যবই পেয়েও কেউ নকল করে উত্তর দিতে পারবে না।

শিক্ষামন্ত্রী গতকাল খিলক্ষেত কুর্মিটোলা উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে একটি প্রাথমিক বিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন।

শিক্ষামন্ত্রী বলেন, রাষ্ট্রপতি এরশাদের বলিষ্ঠ নেতৃত্বে বর্তমান সরকার শিক্ষাঙ্গনকে রাজনীতি ও দুর্নীতিমুক্ত রাখতে বদ্ধপরিকর। তিনি বলেন, শিক্ষাঙ্গনকে দুর্নীতিমুক্ত রাখার লক্ষ্যে জাতীয় পার্টি ছাত্র সংগঠন বাতিল করেছে, যা অন্যান্য দলগুলো অনুসরণ করলে শিক্ষাঙ্গনকে রাজনীতিমুক্ত, হরতাল ও সন্ত্রাসমুক্ত করা সহজ হতো।

তিনি বলেন, ছাত্রদেরকে যারা রাজনীতিতে সম্পৃক্ত করছে, তাদের ছেলে-মেয়েরা বিদেশে অধ্যয়ন করে এবং দেশের শিক্ষাঙ্গন সম্পর্কে তাদের মাথা ব্যথা নেই।

শিক্ষা মন্ত্রণালয়ের ফ্যাসিলিটিজ বিভাগ প্রায় ১৩ লাখ টাকা ব্যয়ে এ বিদ্যালয়ের ভবন নির্মাণ করছে। ভবনটি নির্মিত হলে এখানে তিন শিফটে ২৫০০ ছাত্রদের ক্লাস নেয়া সম্ভব হবে।

এর আগে শিক্ষামন্ত্রী রাষ্ট্রপতির ত্রাণ ও কল্যাণ তহবিলে বিদ্যালয়ের ছাত্র ও শিক্ষকদের ৩০০১ টাকার দান গ্রহণ করেন। তথ্য বিবরণী।